

পাইলটের দক্ষতায় রক্ষা পেলেন ৬৭ যাত্রী

- A Monitor Desk Report

Date: 18 November, 2021



নীলফামারীর সৈয়দপুর বিমানবন্দরে ঢাকা থেকে ছেড়ে আসা নভোএয়ারের একটি ফ্লাইট অবতরণের সময় সামনের চাকা (নোজ হুইল) ফেটে গেছে। তবে পাইলটের দক্ষতায় ৬৭ জন যাত্রী নিয়ে নিরাপদেই অবতরণ করেছে বিমানটি। এ ঘটনায় রানওয়েতে পড়ে থাকা ফ্লাইটের কারণে বিমানবন্দরে ফ্লাইট উঠানামা বন্ধ হয়ে যায়।

গতকাল সন্ধ্যা ৬টা ৫০ মিনিটে সৈয়দপুর বিমানবন্দরে এ ঘটনাটি ঘটে। বিমানবন্দরের ব্যবস্থাপক সুপ্লব ঘোষ বিষয়টি নিশ্চিত করেছেন। বিমানবন্দর সূত্রে জানা গেছে, অবতরণের সময় সামনের চাকা বের হওয়ার উপক্রম হলে সেখানে হঠাৎ ঘষা লেগে তা ফেটে যায়। এতে যাত্রীরা আতঙ্কিত হয়ে পড়েন। পাইলট নিরাপদে ফ্লাইটটি অবতরণ করেন। তবে আতঙ্কিত হয়ে তাড়াহড়ো করে নামতে গিয়ে কয়েকজন যাত্রী আহত হন। আহতরা প্রাথমিক চিকিৎসা নিয়ে নিজ নিজ বাসায় ফিরেছেন।

ঘটনার পরপরই বাংলাদেশ বিমানের একটি ফ্লাইট অবতরণ না করে যাত্রীসহ ঢাকা আন্তর্জাতিক বিমানবন্দরে অবতরণ করেছে। অপরদিকে রানওয়ে বন্ধ থাকায় ইউএস বাংলার একটি ফ্লাইট ঢাকা থেকে উড্ডয়ন করেনি।

সৈয়দপুর বিমানবন্দরের ব্যবস্থাপক সুপ্লব ঘোষ জানান, ওই প্লেনটি নিরাপদেই অবতরণ করেছে। তবে যাত্রীদের মধ্যে আতঙ্কের সৃষ্টি হয়েছিল।